দৈনিক খবর

তারিখ ... 22 APR 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫

13

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে আজ ক্লাস শুরু

।। স্টাফ রিপোর্টার ।।

পবিত্র রমজান ও ঈদ-উল-ফিতরের বন্ধের পরে আজ সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু হচ্ছে। এদিকে হল প্রাধ্যক্ষকে অপসারণের প্রতিবাদে সলিমুল্লাহ হলের কার্যালয়ে এখনও তালা ঝুলছে। হামলা ও সন্ত্রাসের প্রতিবাদে শিক্ষকরা কাল মঙ্গলবার মৌন মিছিল করবে।

গতকাল রোববার উপাচার্যের

২-এর পাতায় দেখুন

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে

প্রথম পৃষ্ঠার পর

সভাপতিত্বে অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল হলের প্রাধ্যক্ষ ও আবাসিক শিক্ষকদের এক সভায় ক্যাম্পাসের সার্বিক পরিস্থিতি পর্যালোচনা করা হয়। সভায় সাম্প্রতিককালে ক্যাম্পাসে সংঘটিত কিছু সন্ত্রাসী কার্যকলাপের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের আইন-শৃংখলা রক্ষা ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ অব্যাহত রাখার লক্ষ্যে আলোচনা করা হয়। এতে বলা হয়, বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস বহিরারোপিত। অতএব বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের একক প্রচেষ্টায় সন্ত্রাস সম্পূর্ণ নির্মূল করা সম্ভব নয়। এ ব্যাপারে রাজনৈতিক দলগুলো ও ছাত্র সংগঠনের সহযোগিতা দরকার এবং তা কামনা করার জন্য সভায় সিদ্ধান্ত নেয়া হয়। একই সাথে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ প্রশাসনে, বিশেষ হল পর্যায়ে সকল বিধি-বিধান প্রয়োগের ক্ষেত্রে ঐক্যমত প্রতিষ্ঠিত হয় বলে কর্তৃপক্ষ জানান।

এদিকে বিশ্ববিদ্যালয়ের গণ-যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক, জহুরুল হক হলের প্রাধ্যক্ষ, ইতিহাস ও সমাজকল্যাণ গবেষণা ইনষ্টিটিউটের শিক্ষকদের ওপর হামলার প্রতিবাদে এবং বিশ্ববিদ্যালয় সন্ত্রাসমুক্ত করার লক্ষ্যে কাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক মৌন প্রতিবাদ মিছিল অনুষ্ঠিত হবে। সকাল ১১টায় অপরাজেয় বাংলার পাদদেশ থেকে শুরু হয়ে মিছিল কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে শেষ হবে।

### টিভি চুরি

ঢাকা বিশ্ববিদ্যালয় সলিমুল্লাহ হলের টেলিভিশনটি গত ১৫ই এপ্রিল রাতে হলের মিলনায়তন কক্ষ থেকে চুরি হয়েছে। কে বা কারা এ চুরি করেছে তা জানা যায়নি। বিষয়টি তদন্তের জন্য হলের আবাসিক শিক্ষক ডঃ আবদুল খালেককে আহবায়ক করে একটি কমিটি করা হয়েছে বলে জানা গেছে।